

الْهَادِي

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৯৪ তম নাম ‘الْهَادِي’ আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় ‘الْهَادِي’ শব্দের মূল ى - د - ه, এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ৩১৬ বার এসেছে। পথপ্রদর্শন, পথ দেখানো, দান, জবেহ সংক্রান্ত পশু, যে হেদায়াত প্রাপ্ত, হেদায়াত দানকারী ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْهَادِي অর্থ: ‘তিনি পথ দেখান, হেদায়াত দান করেন’।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

وَاللَّهُ يَدْعُو إِلَى دَارِ السَّلَامِ وَيَهْدِي مَنْ يَشَاءُ إِلَى صِرَاطٍ مُسْتَقِيمٍ ﴿٢٥﴾

আল্লাহ দাওয়াত দিচ্ছেন দারুস সালামের (শান্তি নিবাসের) দিকে এবং তিনি যাকে চান পরিচালিত করেন সিরাতুল মুস্তাকিম (সঠিক সুদৃঢ় পথে)। (সূরা ইউনুস: আয়াত নং ২৫)

إِنَّا هَدَيْنَاهُ السَّبِيلَ إِمَّا شَاكِرًا وَإِمَّا كَفُورًا ﴿٣﴾

আমরা তাকে জীবনযাপনের সঠিক পথ দেখিয়ে দিয়েছি। এখন সে ইচ্ছে করলে আমার কৃতজ্ঞ হয়ে চলতে পারে, কিংবা হতে পারে অকৃতজ্ঞ। (সূরা আল ইনসান: আয়াত নং ৩)

وَإِنَّ اللَّهَ لَهَادٍ الَّذِينَ آمَنُوا إِلَى صِرَاطٍ مُسْتَقِيمٍ ﴿٥٤﴾

অবশ্যই আল্লাহ তাদেরকে পরিচালিত করেন সিরাতুল মুস্তাকিমের দিকে, যারা ঈমান আনেন। (সূরা আল হাজ্জ: আয়াত নং ৫৪)

তিরমিজি শরীফের হাদীস:

রাসূল সা: এর দোয়া আল্লাহর নিকট -

يَا مُقَلِّبَ الْقُلُوبِ ثَبِّتْ قَلْبِي عَلَى دِينِكَ

হে হৃদয় ঘূর্ণায়নকারী (আল্লাহ) আমার হৃদয়কে তোমার দ্বীনের উপর দৃঢ় রাখো।

সুতরাং, প্রিয় ভাই ও বোনেরা! আসুন, আমরা আল্লাহর নিকট কায়মনোবাক্যে প্রার্থনা করি হে আল্লাহ আমাদেরকে হেদায়েত দান করো এবং সীরাতুল মুস্তাকিমে পরিচালিত করো। যে পথে থাকলে তুমি সন্তুষ্ট হবে সে পথেই আমাদেরকে অবিচল রাখো। আমাদেরকে শিরকমুক্ত জীবন যাপন করার তৌফিক দান করো।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়াহমা তুল্লাহি ওয়াবাকাতুহু।